বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৯(২০১৬-১৭)/২০১৮-১৯/ তারিখ ঃ ২৯-০১-২০১৯ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব উত্তম কুমার কুন্ড, উপ-মহাব্যবস্থাপক(অবসরপ্রাপ্ত), বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা ইতোপূর্বে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকায় উপ-মহাব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক(কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃঙ্খলাসম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দূর্নীতিমূলক অপরাধের জন্য বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা নং-৩৯/১৬-১৭ রুজুপূর্বক অত্র বিভাগের ২৭-১২-২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৯/২০১৬-১৭/২০৬২ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছেন;

০৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনাপূর্বক আপনাকে গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেন । উক্ত সিদ্ধান্ত মোতাবেক অত্র বিভাগের ২৮-১২-২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৯(২০১৬-১৭)/২০১৭-১৮/২৩৩৬ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ১৮-০১-২০১৮ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব উত্তম কুমার কুন্ড আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দূর্নীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করেন;

০৪। এক্ষণে, সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব উত্তম কুমার কুন্ড আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১৮,৪২,০০০/- (আঠার লক্ষ বেয়াল্লিশ হাজার) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ের আয় খাতে জমা করিবার জন্য আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

জনাব উত্তম কুমার কুন্ড (ইউ-১৮)
উপ-মহাব্যবস্থাপক(অবসরপ্রাপ্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, খুলনা।

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৯(২০১৬-১৭)/২০১৮-১৯/ তারিখ ঃ ২৯-০১-২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।

০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষনাটি জনাব উত্তম কুমার কুন্ড, উপ-মহাব্যবস্থাপক(অবসরপ্রাপ্ত) এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত রায় মোতাবেক জনাব উত্তম কুমার কুন্ড, উপ-মহাব্যবস্থাপক(অবসরপ্রাপ্ত) এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১৮,৪২,০০০/-(আঠার লক্ষ বেয়াল্লিশ হাজার) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ের আয় খাতে জমা করিবার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল ।

০৭। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতঃ কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনপূর্বক পরবর্তী প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল ।

০৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হইল।

০৯। উপ-মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

১০। উপ-মহাব্যবস্থাপক, অভ্যন্তরীন নিয়ন্ত্রন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

১১। নথি/ মহানথি / মূলনথি।

২৯/০১/২০১৯
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক